গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mocat.gov.bd

নং-৩০.০০.০০০০.০২৩.২৫.০০১.১৬-৪৫ তারিখঃ ২৬/০৪/২০১৭ খ্রি.

বিষয়ঃ **২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের বাৎসরিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০১.১৫.০৪, তারিখঃ ০৩/০১/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়ন এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহের ২০১৭ সালের ইনোভেশন কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের ইনোভেশন বার্ষিক প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ **বর্ণনামতে।**

(মোসাঃ ফেরদৌসী বেগম)
উপ সচিব
ফোনঃ ৯৫৪৫৮৩৫
ই-মেইলঃ ictcell@mocat.gov.bd

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**(দৃঃআঃ মোঃ শাহগীর আলম, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ)।**

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):</u>

সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স শাখা
ডায়েরী নম্বর- ৫৫৪
তারিখঃ ২৭/৪/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## ২০১৭ সালের ইনোভেশন কর্মপরিকল্পনা

| ক্রঃ নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ০১. | সেবা প্রক্রিয়া সহজীকরণ | অনলাইন ট্রাভেল এজেন্সি ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার বাস্তবায় | ০১/০১/১৭ | ১৫/০৫/১৭ | ইনোভেশন টিম | বাংলাদেশের যেকোন স্থান হতে অনলাইনে ট্রাভেল এজেন্সি নিবন্ধন/নবায়নের আবেদন করা যাবে | ইনোভেশন টিমের কার্যবিবরণী, ট্রাভেল এজেন্সি পোর্টাল ও অনলাইনে আবেদন গ্রহণ |
| ০২. | | সফটওয়্যারটি বাস্তবায়ন সম্পন্ন এবং সীমিত পরিসরে পরীক্ষামূলকভাবে সেবা প্রদান শুরু | ১৬/০৫/১৬ | ৩১/০৭/১৭ | ইনোভেশন টিম | সিস্টেমের সমস্যা এবং প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনের বিষয়সমূহ পরিলক্ষিত হবে | পরীক্ষামূলকভাবে সেবা প্রদান শুরুর তারিখ। |
| ০৩. | | অর্জিত অভিজ্ঞতার আলোকে প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনসহ নতুন পদ্ধতির চূড়ান্ত বাস্তবায়ন সম্পন্ন করে বৃহৎ পরিসরে চালুকরণ | ০১/০৮/১৭ | - | ইনোভেশন টিম | বাংলাদেশের যেকোন স্থান হতে অনলাইনে ট্রাভেল এজেন্সি নিবন্ধন/নবায়নের আবেদন করা যাবে ফলে সেবাগ্রহীতার সময়, খরচ এবং ভোগান্তি কমবে। | বৃহৎ পরিসরে সেবা প্রদান শুরুর সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র। |
| ০৪. | ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রম | অধিশাখা/শাখার সকল নথি ই-ফাইলের মাধ্যমে নিস্পত্তিকরণ | ০১/০১/১৭ | - | ইনোভেশন টিম | মন্ত্রণালয়ের কাজের স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে এবং কাগজের ব্যবহার কমবে। | ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী। |
| | | প্রতিমাসের ইনোভেশন টিমের সভায়ই-ফাইলিং ব্যবহার সংক্রান্ত বিষয় পর্যালোচনা | ১০-২০ তারিখ | - | ইনোভেশন টিম | ই-ফাইলের ব্যবহার বৃদ্ধি পাবে | ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী |
| ০৫. | আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ | প্রতিমাসের ইনোভেশন টিমের সভায় অনলাইনে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই ও বাছাই করা। | ১০-২০ তারিখ | - | ইনোভেশন টিম | যাচাই-বাছাই করা আইডিয়া | যাচাই-বাছাই সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী |
| ০৬. | | প্রতিমাসে বাছাই করে প্রাপ্ত আইডিয়াসমূহ বাস্তবায়ন করার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন | ১০-২০ তারিখ | - | ইনোভেশন টিম | অনুমোদিত ও বাস্তবায়িত আইডিয়া | অনুমোদন ও বাস্তবায়ন সংক্রান্ত ডকুমেন্ট |
| ০৭. | অধঃস্তন অফিসের ইনোভেশন কার্যক্রম তদারকি | মন্ত্রণালয়ের অধীন সকল সংস্থার ইনোভেশন টিমসমূহ সক্রিয় করা এবং প্রতিমাসের ইনোভেশন টিমসমূহের সভা নিশ্চিত করা। | ২১-৩০ তারিখ | - | ইনোভেশন টিম | সংস্থার ইনোভেশন টিমসমূহের সভা অনুষ্ঠিত | মন্ত্রণালয়ের অধীন সকল সংস্থার ইনোভেশন টিমসমূহের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী |
| ০৯. | | মন্ত্রণালয়ের অধীন সকল সংস্থা হতে ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করা, কর্মপরিকল্পনা পর্যালোচনা করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। | ২১-৩০ তারিখ | - | ইনোভেশন টিম | মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার কর্মপরিকল্পনা প্রণীত | মন্ত্রণালয়ের অধীন সকল সংস্থা কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনার কপি |
| ১০. | প্রশিক্ষণ | মন্ত্রণালয়ের ৫০ জন কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ইনোভেশন/ই-ফাইলিং/কম্পিউটার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা। | ০১/০১/১৭ | ৩১/১২/১৭ | ইনোভেশন টিম | ৫০ জন কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন | ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্নকারী ৫০ জন কর্মকর্তা ও কর্মচারীর তালিকা |
| ১১. | ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদান | মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে সহায়তা ফান্ড গঠন করা। | ০১/০৫/১৭ | ৩০/০৬/১৭ | ইনোভেশন টিম ও উপসচিব (বাজেট) | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে সহায়তা প্রদান করার জন্য সহায়তা ফান্ড গঠন সম্পন্ন হবে | সহায়তা প্রদান করার জন্য সহায়তা ফান্ড গঠন সংক্রান্ত দলিল |

| ক্রঃ নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ১২. | পুরস্কার প্রদান | মন্ত্রণালয়ে কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদান | ০১/১২/১৭ | ৩১/১২/১৭ | ইনোভেশন টিম ও উপসচিব (প্রশাসন-১) | পুরস্কার প্রদান সম্পন্ন | পুরস্কার প্রদান করার জন্য প্রয়োজনীয় অফিস আদেশ সংক্রান্ত দলিল/পুরস্কার বিতরণ অনুষ্ঠানের ছবি |
| ১৩. | পার্টনারশিপ ও নেটওয়ার্কিং | সেবায় পদ্ধতি সহজীকরণ, ই-ফাইলিং, ইনোভেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/ অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সংগে যোগাযোগ | ০১/০১/১৭ | ৩১/১২/১৭ | ইনোভেশন টিম | প্রতিষ্ঠান, অংশীজন ও সহযোগিতার ক্ষেত্র চিহ্নিত হবে | প্রতিষ্ঠান, অংশীজন ও সহযোগিতার ক্ষেত্র চিহ্নিতকরণ সংক্রান্ত ডকুমেন্ট |
| ১৪. | সোস্যাল মিডিয়ার ব্যবহার | "সেবায় উদ্ভাবন" বিষয়ে মতামত গ্রহণের জন্য ই-মেইল ব্যবহারের পাশাপাশি সামাজিক যোগাযোগের মাধ্যম "ফেসবুক" ব্যবহার নিশ্চিত করা | ০১/০১/১৭ | ৩১/১২/১৭ | ইনোভেশন টিম | উদ্ভাবনী বিষয়সহ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে ই-মেইলে মতামত গ্রহণ এবং ফেসবুক পেইজে প্রকাশ করা করে মতামত গ্রহণ | সংশ্লিষ্ট পেইজ লিংক |
| ১৫. | প্রকাশনা ও ডকুমেন্টেশন | মন্ত্রণালয়ের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করা, সংরক্ষণ করা এবং ওয়েবসাইটে প্রকাশ করা | ০১/০১/১৭ | ৩১/০৩/১৭ | ইনোভেশন টিম ও যুগ্ম সচিব (প্রশাসন-২) | ডকুমেন্ট প্রকাশিত হওয়া | প্রকাশিত ডকুমেন্ট |

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের কার্যক্রম সংক্রান্ত

# বার্ষিক প্রতিবেদন ২০১৬

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ভূমিকা

বাংলাদেশ স্বাধীন হওয়ার পর বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত বিষয়গুলো তৎকালীন যোগাযোগ মন্ত্রণালয় এবং পর্যটন সংক্রান্ত বিষয়গুলো বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে ছিল। ১৯৭২ সনের সেপ্টেম্বর মাসে বিমান পরিবহন বিভাগ সৃষ্টি করে ঐ বিভাগসহ জাহাজ চলাচল, অভ্যন্তরীণ নৌ পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় নামে একটি স্বতন্ত্র মন্ত্রণালয় সৃষ্টি করা হয়। কিন্তু ১৯৭৬ সনের জানুয়ারি মাসে পুনরায় এ মন্ত্রণালয়কে যোগাযোগ মন্ত্রণালয়ের একটি বিভাগ হিসাবে রূপান্তর করা হয়। ১৯৭৭ সনের ডিসেম্বর মাসে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় নামে একটি আলাদা মন্ত্রণালয় পুনঃপ্রতিষ্ঠা করা হয়। ১৯৮২ সনের ২৪শে মার্চ পুনরায় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অবলুপ্তি ঘটে এবং এটিকে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একটি বিভাগে পরিণত করা হয়। ১৯৮৬ সনে সরকারি আদেশ অনুসারে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় পুনরায় একটি মন্ত্রণালয় হিসাবে প্রতিষ্ঠিত হয়।

### মন্ত্রণালয়ের লক্ষ্য ও উদ্দেশ্য:

চিরায়ত বাংলার অনিন্দ্য-রূপ সৌন্দর্যকে ভিত্তি করে পর্যটন খাতের মাধ্যমে অর্থনৈতিকভাবে দেশকে সমৃদ্ধ করা এবং বিমান পরিবহন সংস্থাকে আধুনিকায়ন করা ও গ্রাহক সেবা প্রদান ব্যবস্থা আন্তর্জাতিক মানে উন্নীত করা বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মূল লক্ষ্য ও উদ্দেশ্য।

এ উদ্দেশ্য বাস্তবায়নে মন্ত্রণালয় কয়েকটি সুনির্দিষ্ট অভিলক্ষ্য নির্ধারণ করেছে:

(ক) এ মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশের প্রকৃতি, ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিকে পর্যটন শিল্পের মাধ্যমে তুলে ধরা;

(খ) পর্যটন খাতকে আন্তর্জাতিক মানে উন্নীত করার জন্য উপযুক্ত ও দক্ষ মানব সম্পদ গড়ে তোলা;

(গ) পর্যটন শিল্পকে সবচেয়ে বেশী বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত হিসেবে গড়ে তোলা;

(ঘ) বাংলাদেশের পর্যটন আকর্ষণসমূহকে বিশ্বব্যাপী প্রচার এবং বিশ্ব দরবারে একটি 'পর্যটন গন্তব্য' হিসেবে প্রতিষ্ঠা করা;

(ঙ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর মাধ্যমে বিদেশে বাংলাদেশের কান্ট্রি ব্রান্ডিং করা;

(চ) প্রতিযোগিতামূলক এভিয়েশন বাণিজ্যে টিকে থাকার জন্য বিমানকে দক্ষ,গতিশীল ও বাণিজ্যিক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা এবং

(ছ) একটি উন্নততর ও সমৃদ্ধ দেশ, সর্বোপরি শান্তিপূর্ণ বিশ্ব গড়ে তোলার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের অংশগ্রহণ নিশ্চিত করা।

**মন্ত্রণালয়ের কার্যাবলী:**

সরকারি কার্যবণ্টন নির্দেশ অনুসারে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়কে যে বিষয়গুলোর দায়িত্ব দেয়া হয়েছে তা নিম্নরূপঃ

(ক) বাংলাদেশে আকাশসীমা ও বিমানবন্দরসমূহে নিরাপদ বিমান চলাচল ও অবতরণের নিশ্চয়তা বিধান করা। এ লক্ষ্যে দি এয়ার ট্রাফিক কন্ট্রোল সার্ভিস, নেভিগেশনাল এইড ও সিকিউরিটি সম্পর্কিত কার্যাবলী সম্পাদন করা;

খ) দেশে-বিদেশে বিমান সার্ভিস পরিচালনার জন্য আন্তর্জাতিক সংস্থা ও এয়ারলাইন্সসমূহের সাথে চুক্তি সম্পাদন, বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত আইন-বিধি প্রণয়ন ও বিমানবন্দরসমূহের উন্নয়ন তথা আকাশপথ এবং বেসামরিক বিমান চলাচল সংক্রান্ত সকল বিষয়াদি;

(গ) জাতীয় পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-এর প্রতিযোগিতা-সক্ষমতা ও সেবার মান বৃদ্ধি এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ সংক্রান্ত বিষয়াদি;

(ঘ) দেশে পর্যটন শিল্পের উন্নয়ন, পর্যটন সুবিধাদি সম্প্রসারণ এবং এ সম্পর্কিত যুগোপযোগী আইন-বিধি প্রণয়ন, স্থানীয় ও আন্তর্জাতিক পর্যটন সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ ও চুক্তি সম্পাদনসহ পর্যটন সংক্রান্ত বিষয়াদি;

(ঙ) হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড সংক্রান্ত বিষয়াদি;

(চ) বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড সংক্রান্ত বিষয়াদি; এবং

(ছ) ট্রাভেল এজেন্সিমূহের নিবন্ধন ও নিয়ন্ত্রণ, এ সংক্রান্ত আইন প্রণয়ন ও পরিসংখ্যান তৈরিকরণ;

(জ) দেশের সকল হোটেল ও রেস্টুরেন্টসমূহের নিবন্ধন ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করা;

(ঝ) এ মন্ত্রণালয়কে অর্পিত দায়িত্বের সাথে সম্পৃক্ত আন্তর্জাতিক সংস্থা ও বিভিন্ন দেশের সাথে যোগাযোগ ও চুক্তি সম্পর্কিত বিষয়াদি অনুসন্ধান এবং পরিবীক্ষণ;

(ঞ) এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকল আইন-কানুন তৈরিকরণ, সময়োপযোগীকরণ, গবেষণা ও সমন্বয় সাধন করা; এবং

(ট) মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের প্রশাসনিক ও আর্থিক বিষয়াদিসহ সকল প্রকার নিয়ন্ত্রণ।

০৩। **ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ তে অংশগ্রহণঃ** ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত গত ১৯ অক্টোবর ২০১৬ থেকে ২১ অক্টোবর ২০১৬ পর্যন্ত ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ তে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় অংশগ্রহণ করে এবং উক্ত মেলায় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম আগত দর্শনার্থীগণের সন্মুখে উপস্থাপন করা হয়।



ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬-এ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের স্টলে সচিব মহোদয় এবং সংস্থা প্রধানগন।

০৪। **ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়নঃ** গত ০৫ ডিসেম্বর ২০১৬ তারিখে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব রাশেদ খান মেনন এমপি মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রমের উদ্বোধন করেন। এছাড়াও এ মন্ত্রণালয়ে সকল সেবাকে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। সকল চিঠিপত্র ও ডকুমেন্ট ইলেক্ট্রনিক পদ্ধতিতে আদান-প্রদান করা হচ্ছে। এতে মন্ত্রণালয়ের কাজের স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি পেয়েছে এবং কাগজের ব্যবহার কমে গেছে।



মাননীয় মন্ত্রী মহোদয় মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রমের উদ্বোধন করছেন।

০৫। **ওয়েব পোর্টাল হালনাগাদকরণ এবং অধীনস্থ সংস্থাসমূহের ওয়েবসাইট ন্যাশনাল পোর্টালে অর্ন্তভুক্তকরণঃ** ২০১৪ সালে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ওয়েবসাইট ন্যাশনাল পোর্টালের আওতায় করা হয়েছে যা নিয়মিত হালনাগাদ করা হয়। মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের ওয়েবসাইট ন্যাশনাল পোর্টালে অর্ন্তভুক্ত করার লক্ষ্যে এটুআই-এর মাধ্যমে সংস্থার কর্মকর্তাবৃন্দকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অতি শীঘ্রই পোর্টালগুলো পূর্বের ডোমেইনে স্থানান্তর করা হবে।

০৬। **ই-জিপি বাস্তবায়নঃ** ইলেক্টনিক প্রকিউরমেন্ট-এর মাধ্যমে ক্রয় কার্যক্রম পরিচালনার জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ই-জিপি পোর্টালে অর্ন্তভূক্ত হয়েছে। ২০১৭ সাল হতে সকল কেনা-কাটার টেন্ডার প্রক্রিয়া সিপিটিইউ কর্তৃক প্রদত্ত ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন হবে।

০৭। **মন্ত্রণালয়ের অভ্যন্তরীন নেটওয়ার্ক সংস্কারকরণ ও সার্ভার স্থাপনঃ** মন্ত্রণালয়ের পুরোনো নেটওয়ার্ক সংস্কার করে নতুন নেটওয়ার্কিং ডিভাইসমূহ সংযোজন করা হয়েছে। ফলে ইন্টারনেট স্পিড পূর্বে তুলনায় বৃদ্ধি পেয়েছে এবং মন্ত্রণালয়ের দাপ্তরিক কার্যাবলী সহজে সম্পন্ন করা সম্ভব হচ্ছে। এছাড়াও সহজে তথ্য আদান-প্রদানের সুবিধার্থে একটি ফাইল সার্ভার স্থাপন করা হয়েছে।

০৮। **সেবামুখী কার্যক্রমঃ** মন্ত্রণালয়ের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণের ফলে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সরকারি আদেশ, অফিস আদেশ, বিজ্ঞপ্তি, সার্কুলার ইত্যাদি সহজেই যেকোন স্থান হতে যে কোন ব্যক্তি ওয়েবপোর্টাল ভিজিট করে জানতে পারছেন। অনলাইনে ইনোভেটিভ আইডিয়া প্রাপ্তির লক্ষ্যে ওয়েব পোর্টালে একটি ফরম সংযোজন করা হয়েছে। যার মাধ্যমে যেকোন ব্যক্তি মন্ত্রণালয় সম্পর্কিত ইনোভেটিভ আইডিয়া অনলাইনে প্রেরণ করতে পারবেন।

০৯। **সোস্যাল মিডিয়ার ব্যবহারঃ** বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং এর অধীনস্থ সংস্থাসমূহের কর্মকান্ড সম্পর্কে দেশবাসীকে অবহিত করা, বিভিন্ন বিষয়ে সতামত/অভিযোগ গ্রহণসহ পরামর্শ প্রদানের লক্ষ্যে ফেসবুকে মন্ত্রণালয়ের নামে একটি পেইজ চালু রয়েছে (www.facebook.com/mocat.gov.bd) । এছাড়াও মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহ কর্তৃক তৈরিকৃত পর্যটন বিষয়ক ভিডিও-এর সমন্বয়ে একটি ইউটিউব চ্যানেল তৈরি করা হয়েছে।

১০। **অনলাইন ট্রাভেল এজেন্সি ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নঃ** ট্রাভেল এজেন্সি রেজিস্ট্রেশন, নবায়ন প্রক্রিয়ার আবেদন গ্রহনসহ নথি নিষ্পত্তির সকল কার্যক্রম অনলাইনে সম্পন্নকরণের লক্ষ্যে অনলাইন ট্রাভেল এজেন্সি ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নের সকল প্রক্রিয়া ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। সিস্টেমটি আগামী এপ্রিল/২০১৭ থেকে চালু করা সম্ভব হবে মর্মে আশা করা যাচ্ছে।

১১। **ইন্টারনেটের ব্যান্ডউইথ বৃদ্ধিঃ** মন্ত্রণালয়ে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ইন্টারনেট ব্যান্ডউইথ ০৩ এমবিপিএস হতে বাড়িয়ে ১৮ এমবিপিএস করা হয়েছে। ই-ফাইলিং কার্যক্রম চালু হওয়ায় ইন্টারনেট ব্যান্ডউইথ আরো বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১২। **ওয়েবসাইটে অভিযোগ ও পরামর্শের লিংক স্থাপনঃ** বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অভিযোগ ও পরামর্শের লিংক স্থাপন করা হয়েছে। এতে সহজেই যে কেউ অভিযোগ ও পরামর্শ প্রদান করতে পারবেন।